

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দফতর, ঢাকা

২২দিন মা-ইলিশ এবং নভেম্বর থেকে জুন পর্যন্ত ৮ মাস

১০ ইঞ্চি সাইজের জাটকাধরা সম্পূর্ণভাবে নিষিদ্ধ

তথ্যবিবরণীঃ

ঢাকা, ১৭ মার্চ, ২০১৯:

১৬ মার্চ ভোলা চরফ্যাশন উপজেলার সামরাজ মাছঘাটে ১৬ থেকে ২২ মার্চ পর্যন্ত জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০১৯ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী বীরমুক্তিযোদ্ধা আশরাফ আলী খান খসরু।

সপ্তাহের উদ্বোধন করে তিনি বলেন, ইলিশআহরণে উপকূলীয় মৎস্যজীবীদের সরাসরি প্রায় ৫ লাখ এবং পরিবহন, বিক্রয়, জাল ও নৌকাতৈরি, বরফ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, পরিবহন, রপ্তানি ইত্যাদি কাজে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ২৫ লাখ লোক জড়িত রয়েছে। নভেম্বর থেকে জুন পর্যন্ত একটানা ৮ মাস ২৫ সেন্টিমিটার বা ১০ ইঞ্চি সাইজের জাটকাধরা নিষিদ্ধ করা হয়েছে। পৃথিবীর আরো ১৩টি দেশে ইলিশ পাওয়া গেলেও বাংলাদেশই বিশ্বের সর্বোচ্চ ইলিশ-উৎপাদনকারী দেশের মর্যাদা পেয়েছে। দেশের জিডিপিতে ইলিশের অবদান ১ শতাংশ এবং দেশের মোট মৎস্যউৎপাদনের ১২ শতাংশ। ইলিশের এই অবদান আরো বৃদ্ধির জন্য সরকার উপকূলীয় ৬টি এলাকাকে ইলিশের অভয়াশ্রম ঘোষণা করেছে।

ইলিশসম্পদরক্ষা এবং এর ক্রমবর্ধমান উন্নয়নে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের বর্ণনা দিয়ে তিনি বলেন, জাটকাআহরণে বিরত থাকলে জেলেরাই বড়বড় ইলিশ আহরণ করে অধিক আয় করতে পারবেন। তাই তিনি মা-ইলিশরক্ষায় প্রধান প্রজননমৌসুমে মোট ২২দিন (আশ্বিন মাসের প্রথম উদিত চাঁদের পূর্ণিমার ৪দিন আগে, ১৭দিন পরে ও পূর্ণিমার দিনসহ মোট ২২দিন) এবং একটানা নভেম্বর থেকে জুন পর্যন্ত ৮ মাস জাটকানিধনরোধে কোনোপ্রকার জাল না ফেলতে তাদের প্রতি আহ্বান জানান। এসময় উপকূলীয় ৩৬ জেলায় জাটকাসহ অন্যান্য মৎস্যসম্পদ ধ্বংসকারী অবৈধ জালনির্মূলে ‘সম্মিলিত বিশেষ অভিযান’ পরিচালনার কাজেও তিনি সবার সহায়তা কামনা করেন।

জাটকারক্ষার ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে এবছরও ১৬-২২ মার্চ পর্যন্ত ‘জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০১৯’ পালনে সর্বস্তরের জনগণের সম্পৃক্ততা কামনা করে তিনি বলেন, বর্তমান সরকার জাটকাআহরণ নিষিদ্ধকালে জেলেরা ভিজিএফ খাদ্যসহায়তার পরিমাণ ব্যাপকভাবে বৃদ্ধি করেছে। তাই এবারের প্রতিপাদ্য হিসেবে ‘কোনো জাল ফেলবো না, জাটকা ইলিশ ধরবো না, এই শ্লোগান বাস্তবায়নে জেলেরা এগিয়ে আসার আহ্বান জানান।

মন্ত্রণালয়ের সচিব রইছউল আলম মন্ডলের সভাপতিত্বে উদ্বোধনীতে অন্যান্যের মধ্যে চরফ্যাশন ৪ আসনের এমপি আব্দুল্লাহ আল ইসলাম জ্যাকব, World Fish এর কান্ডি পরিচালক ম্যাক্সম ডিকশন, মৎস্য অধিদফতরের ডিজি আবু সাইদ মোঃ রাশেদুল হক বক্তৃতা করেন।

মোঃ শাহ আলম,

পিআরও-সিনিয়র ইনফরমেশন অফিসার

০১৫১১৬৭৭৬৭৮, ০১৮৪২৬৭৭৬৭৮